

এ এম পি বৈশাখীর ভূমিপূজো অনুষ্ঠান

যারা পুনর্বাসিত হবে তাদের মূল্য দিতে হবে :
জানােনে পরিবহণমন্ত্রী সুভাষ চক্রবর্তী



বিধাননগর পৌরসভা

বৈদিক থেকে মঞ্চে আছেন সুরত সেন, সুভাষ চক্রবর্তী, অমিতাভ নন্দী, বিশ্বজীবন মজুমদার, ইলা নন্দী ও তপন তালুকদার।
ছবি : রাজু পাল

ললনা দাশ : এ এম পি বৈশাখী মার্কেট কাম কমার্শিয়াল কমপ্লেক্সের ভূমি পূজো অনুষ্ঠিত হল ২৭ এপ্রিল এ জি ১১২ সেক্টর ২ সন্টলেকে। প্রজেক্ট এ এম পি বৈশাখী একটি পি পি পি মডেলে তৈরি হবে বিধাননগর পুরসভা এবং টাভারিয়া মেহেরিয়া কনসারটিয়ার্ম-এর যৌথ উদ্যোগে। টাভারিয়া মেহেরিয়া কনসারটিয়ার্ম হল এ এম পি ইউনিভার্সাল রিয়ালটি প্রাইভেট লিমিটেডের গ্রুপ পার্টনিস এ এম পি গ্রুপ এ আছে- নরেশ আগরওয়াল, খগেশ আগরওয়াল, মোহন মেহেরিয়া,

প্রদীপ পোদ্দার প্রমুখ। উল্লেখযোগ্য এ এম পি বৈশাখী তৈরি হবে একটি অত্যাধুনিক মার্কেট কাম কমার্শিয়াল কমপ্লেক্স। ৪২ কাঠার ওপর এই বাজার হবে। খরচ পড়বে ৩০ থেকে ৩৫ কোটি টাকা। ২০ থেকে ২৪ মাস সময় লাগবে শেষ হতে। এই বাজার কাম বিপণন কেন্দ্রের আর্কিটেক্টস হল ইনেট কলকাতা। এই কমপ্লেক্সের বৈচিত্র্য হল রিটেল স্পেস ৪০ হাজার বর্গ ফুট, পুনর্বাসন, পুরসভার প্রয়োজন ২৫ হাজার বর্গফুট, রেস্টুরেন্ট, ফুড কোর্ট ৯৫০০ বর্গ ফুট, অফিস স্পেস ৭০ হাজার বর্গ ফুট, কার

পার্কিং ৩৮ হাজার বর্গফুট। ৯ তলা এই মার্কেট কমপ্লেক্সে টোটাল বিল্ট আপ এরিয়া হবে ১৮,২৫০০ বর্গ ফুট। এ এম পি বৈশাখীর ভূমিপূজো অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের ক্রীড়া ও পরিবহণ মন্ত্রী সুভাষ চক্রবর্তী, দমদমের সাংসদ অমিতাভ নন্দী, বিধাননগরের পুরপ্রধান বিশ্বজীবন মজুমদার, এস ডি ও অশোক দাশ, চেয়ারম্যান পরিষদ সদস্য নন্দগোপাল ভট্টাচার্য, তপন তালুকদার, বিরোধী দলনেতা দেবাশিস জানা, নবদিগন্ত এর পর দুয়ের পাঠায়